

হাওয়া

মধ্যরাতে ধাক্কা খেল স্টেশন ফেরত হাওয়া
দু'তিন মিনিট স্থানু হয়ে ফিরল স্নানের ঘাটে।

প্যাকেট তিনেক বিড়ি এবং ন'দশখানা বই,
সারা রাত্তির নিয়ে তাদের হচ্ছিল হইচই।

মাঝে মধ্যে মারছে যে ঘাই কেলিরত মাছ,
মাঝে মধ্যে শোনা যাচ্ছে কাল পেচকের ডাক।

ঝাঁ ঝাঁ পোকা ডাকছে ঝাঁ ঝাঁ কোটরে টিকটিকি
গভীর গহন বন বাদাড়ে নিঝুম চাঁদনি রাত।

কিশোর বেলার উদোম হাওয়া উদোম উদোম নাচ
কার ভেতরে গড়ছে পাথর কার ভেতরে গাছ।

কাশীনাথ দাশ চাকলাদার

